

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ১৪৮-আইন/২০১৩/২৪৩৫/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৬৩-আইন/২০১২/২৩৯১/কাস্টমস, রহিত করিয়া, উক্ত Act এর FIRST SCHEDULE এর কলাম (1) এর Heading 87.03 ও 87.04 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট H.S. Code এর আওতাধীন নতুন মোটর গাড়ি, ডাবল কেবিন পিক-আপ ও যানবাহনের কাস্টমস ডিউটি আদায়কল্পে নূন্যতম মূল্য (minimum value) নির্ধারণের জন্য নিম্নরূপ শর্ত আরোপ করিল, যথাঃ

শর্ত

- (১) শুক্রায়নকালে গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকারক বরাবর সরাসরি ইস্যুকৃত ইন্ভয়েস (Manufacturer's invoice) দাখিল করিতে হইবে; বা
- (২) গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি ইন্ভয়েস ইস্যু করা না হইলে উক্ত গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক ইন্ভয়েসে উল্লিখিত মূল্য যথাযথ মর্মে প্রত্যায়িত ইন্ভয়েস দাখিল করিতে হইবে; বা
- (৩) দফা (১) ও (২) এর বিধান অনুযায়ী ইন্ভয়েস দাখিল করা না হইলে-
  - (ক) কূটনীতিক, দ-তাবাস, বিশেষ সুবিধাভোগী ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত একই ব্রান্ড, মডেল ও ক্যাপাসিটির গাড়ির ঘোষিত মূল্যকে শুক্রায়নের ভিত্তিমূল্য হিসাবে গ্রহণ করা যাইবে; অথবা

- (খ) জাপানে প্রস্তুতকৃত একই ব্র্যান্ড, মডেল ও ক্যাপাসিটির গাড়ির ক্ষেত্রে Yellow Book -এ উদ্ধৃত সকল কোড মডেলের গড় ম-ল্য শুদ্ধায়নের জন্য গ্রহণ করা যাইবে, এবং জাপান ব্যতীত অন্য কোন দেশ হইতে আমদানি করা হইলে, ক্ষেত্রমত, হালনাগাদকৃত Glass's Guide, Magazine Automobiles বা আন্ৎর্জাতিকভাবে স্বীকৃত অনুরূপ কোন জার্নালে প্রকাশিত সকল কোড মডেলের গড় ম-ল্য শুদ্ধায়নের জন্য গ্রহণ করা যাইবে; অথবা
- (গ) The Customs Act, 1969 এর section 81 অনুযায়ী আমদানিকারক কর্তৃক ঘোষিত ম-ল্যের উপর যথাযথভাবে ম-ল্য চড়াও ন-য়নতম ২০ (বিশ) শতাংশ করে সাময়িক শুদ্ধায়ন করা যাইবে এবং পরবর্তীতে Post clearance Audit/ Investigation করিয়া প্রস্তুতকারক বা অন্যান্য উৎস হইতে তথ্য সংগ্রহ করিয়া ম-ল্য যাচাইপ-র্বক শুদ্ধায়ন চূড়ান্ত করিতে হইবে; এবং
- (৪) একই উৎস দেশে তৈরী একই ব্র্যান্ড, মডেল ও সিলিন্ডার ক্যাপাসিটি (সিসি) এর ন-তন গাড়ির ম-ল্য উক্তরূপ একই ব্র্যান্ড, মডেল এবং সিলিন্ডার ক্যাপাসিটি (সিসি) এর ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কারকৃত গাড়ি অপেক্ষা কোনক্রমেই কম হইতে পারিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম হোসেন)

সচিব।